ফাতওয়া নাম্বার:৪৫০ প্রকাশকালঃ২৭-০২-২০২৪ ইং

# মাসিক চলাকালে তিলাওয়াত ও যিকির আকযারের বিধান

**প্রশ্নঃ**

মাসিক চলাকালে মেয়েরা কি তিলাওয়াত, সকাল-সন্ধ্যার আযকার ও অন্যান্য দোয়া পড়তে পারবে?

-হাবিব আদনান

উত্তরঃ

بسم الله الرحمن الرحيم

حامدا ومصليا ومسلما

মেয়েদের হায়েজ (মাসিক) চলাকালে কুরআনে কারীম তিলাওয়াত করা জায়েয নয়। হাদীসে এসেছে,

عن ابن عمر، عن النبي صلى الله عليه وسلم قال: لا تقرأ الحائض، ولا الجنب شيئا من القرآن. -جامع الترمذي، ط. المكتبة المدنية، باب ما جاء في الجنب والحائض: أنهما لا يقرأن القرآن، ١/١٢٥

"ঋতুবতী নারী ও 'জুনুবি' (গোসল ফরয এমন অপবিত্র) ব্যক্তি কুরআনে কারীমের কোনো অংশ পড়বে না।" –জামে তিরমিযী: ১/১২৫

তবে তিন কুল, আয়াতুল কুরসী ও অন্যান্য যে সকল সূরা ও আয়াতে আল্লাহ তাআলার যিকির, দোয়া বা আল্লাহ তাআলার প্রশংসার অর্থ বিদ্যমান, সেগুলো দোয়া এবং আল্লাহ তাআলার যিকির ও প্রশংসার

নিয়তে পড়া যাবে; কুরআন তিলাওয়াতের নিয়তে পড়া যাবে না। এছাড়া অন্য সকল আয়াত ও সূরা কোনো অবস্থায়ই পড়া যাবে না।

আর কুরআনে কারীম ব্যতীত অন্য সকল দোয়া, আযকার, দরূদ সবই মাসিক চলাকালে পড়া জায়েয এবং কাম্য। -আলবাহরুর রায়িক: ৩৪৬-৩৪৭, আলআশাবহ ওয়াননাজায়ির: ৪৯, রদ্দুল মুহতার: ১/১৭২

**فقط، والله تعالى أعلم بالصواب**

**আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)**

১৮-০৭-১৪৪৫ হি.
৩১-০১-২০২৪ ঈ.